

মার্ব আকাশে অসুস্থ যাত্রীকে ওমানে চিকিৎসা করালো বিমান

- A Monitor Desk Report

Date: 14 February, 2024



ঢাকা: বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটে মার্ব আকাশে অসুস্থ হয়ে পড়া এক যাত্রীকে চিকিৎসা দিয়ে স্বজনদের কাছে পৌঁছে দিয়েছে সংস্থাটি। যাত্রীর নাম আশিক মিয়া। তার গ্রামের বাড়ি ঢাকার দোহারে।

মঙ্গলবার (১৩ ফেব্রুয়ারি) বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক (জনসংযোগ) তাহেরা খন্দকার স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, আশিক মিয়া প্রায় দুই বছর আগে মধ্যপ্রাচ্যের দেশ সৌদি আরবে পাড়ি জমান। গত ২ ফেব্রুয়ারি সৌদি আরবের রিয়াদ থেকে দেশের উদ্দেশ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি৩৪০ ফ্লাইটে যাত্রা করেন তিনি। সৌদি থেকে এক ঘণ্টা যাত্রার পর তিনি অসুস্থ হয়ে পড়েন। তখন ফ্লাইটের ক্যাপ্টেন ইশতিয়াক আহমেদ ওমানের মাস্কট বিমানবন্দরে ফ্লাইটটি জরুরি অবতরণ করেন।

প্রথমে তাকে এয়ারপোর্টের ইমার্জেন্সি ক্লিনিকে, পরে সেখান কেআইএমএস হাসপাতালে স্থানান্তর করা হয়। কেআইএমএসে তার ব্রেন স্ট্রোক এবং অসুস্থতার গুরুত্ব বিবেচনা করে ওই দিন রাতেই মাস্কটের একটি সরকারি হাসপাতালে স্থানান্তরিত করে। সেখানে বিভিন্ন ধাপের চিকিৎসা শেষে ১১ ফেব্রুয়ারি বিজি৭২২ যোগে ঢাকায় স্বজনদের নিকট পৌঁছে দেওয়া হয়। এ প্রক্রিয়ার পুরো খরচ বহন করেছে বিমান।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, জাতীয় পতাকাবাহী সংস্থা হিসেবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স সর্বদা দেশ ও দেশবাসীর কল্যাণে নিয়োজিত। বিশেষ করে প্রবাসী রেমিটেন্স যোদ্ধাদের সেবায় সর্বদা পাশে আছে বিমান।

-B